আজকের কাগজ

তারিখ 08 MAR 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

# মেহেরপুরের ৮৬টি গ্রামে প্রাথমিক বিদ্যালয় নেই

মেহেরপুর জেলার ৮৬টি গ্রামে কোনো প্রাথমিক বিদ্যালয় নেই। ফলে এ সব গ্রামে এখনও পর্যন্ত শিক্ষার আলো পৌঁছেনি। মেহেরপুর জেলার দু'টি থানায় মোট গ্রামের সংখ্যা ২শ' ৪৫টির। মধ্যে মেহেরপুর সদর থানায় ১শ' ১৮টি এবং গাংনী থানায় ১শ' ২৭টি। এ দু'টি থানায় মোট প্রাথমিক বিদ্যালয়ের সংখ্যা ১শ' ৬১টি। এ প্রাথমিক বিদ্যালয়গুলোতে খাতা-কলমে ছাত্র-ছাত্রীর সংখ্যা ৩৭ হাজার ২শ' ৭৩ জন। আর শিক্ষক আছে ৬শ' ৪২ জন। সরেজমিনে তদন্তে দেখা যায় খাতা-কলমে যে পরিমাণ ছাত্র-ছাত্রী রয়েছে বাস্তবে তার অর্ধেক সংখ্যক ছাত্র-ছাত্রী ক্লাসে উপস্থিত থাকে। এ জেলার ১শ' ৬১টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে বেশকিছু বিদ্যালয় এখনও সরকারের খাতায় নাম লেখাতে পারেনি। গত ৩ বছর মেহেরপুর সদর থানার ১৫টি বেসরকারি প্রাথমিক বিদ্যালয়কে সরকারি পর্যায়ে রেজিঃ করা হয়েছে। এ ছাড়া শিক্ষক স্বল্পতার সমস্যা তো রয়েছেই। মেহেরপুর থেকে সালাহ উদ্দিন।